

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ

(২০২৪ ইং সনের ৩৪৪নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৫ ডিসেম্বর, ২০২৪খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে ১৮ ডিসেম্বর, ২০২৪খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ৪ঃ১৫ মিনিট পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইল :

১. **বিচারপতি শশাঙ্ক শেখর সরকার**
এবং


বিচারপতি এ, কে, এম, রবিউল হাসান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সকল প্রকার রীট মোশন; অগ্রাধিকার ভিত্তিতে পুরাতন রীট মোকদ্দমা শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং তৎসংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

২. **বিচারপতি মুহম্মদ মাহবুব-উল ইসলাম**
এবং

বিচারপতি মোঃ হামিদুর রহমান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য **দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লভারিং আইন** সংক্রান্ত বিষয়াদিসহ **ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য** সকল প্রকার **ফৌজদারী মোশন**; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।


বাংলাদেশের প্রধান বিচারপতি
তারিখঃ- ১১ ডিসেম্বর, ২০২৪খ্রিঃ

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি শশাঙ্ক শেখর সরকার
- ২। বিচারপতি মুহম্মদ মাহবুব-উল ইসলাম
- ৩। বিচারপতি এ, কে, এম, রবিউল হাসান
- ৪। বিচারপতি মোঃ হামিদুর রহমান